৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-২ শাখা
www.fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.৩২২.২২.০৫.১৯- ১৫৫

০৬ শ্রাবন ১৪২৬
তারিখ:-------------------
২১ জুলাই ২০১৯

বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারি পদোন্নতি নীতিমালা ২০১৯ অনুমোদন

সূত্র: পল্লী সঞ্চয় ব্যাংক-এর পত্র নম্বর: পসব্য/প্রকা/প্রশা-৮৪/২০১৮-১৯/৫২০৩, তারিখ: ১৫.০৪.২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে "পল্লী সঞ্চয় ব্যাংক-এর কর্মচারি পদোন্নতি নীতিমালা ২০১৯ সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার নিমিত্ত অনুমোদিত "পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারি পদোন্নতি নীতিমালা ২০১৯" নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

২১/৭/১৯
(আজিজুর রহমান)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৫২০
E-mail: pronity7@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

নম্বর: ৫৩.০০.০০০০.৩২২.২২.০৫.১৯- ১৫৫

তারিখ: ২১ জুলাই ২০১৯

সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে)

(১) মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(আজিজুর রহমান)
সহকারী সচিব

# পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারি পদোন্নতি নীতিমালা ২০১৯

## ১. পদোন্নতি নীতিমালার সাধারণ শর্তাবলী

১.১ পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৬ এর তফসিল এ উল্লিখিত বর্ণিত পদসমূহের মধ্যে বর্তমান পদোন্নতি নীতিমালা সীমাবদ্ধ থাকবে;

১.২ প্রতি বছর ৩১ ডিসেম্বর পদোন্নতির ভিত্তিকাল হিসেবে গণ্য হবে। কোন কর্মচারির বিরুদ্ধে কোন অনিয়ম/অভিযোগ আছে কিনা সে বিষয়ে সর্বশেষ তথ্য সংগ্রহ করে পদোন্নতি বিবেচনা করতে হবে। আমার বাড়ি আমার খামার প্রকল্প (পূর্ব নাম একটি বাড়ি একটি খামার প্রকল্প) হতে স্থানান্তরিত কর্মচারিদের ক্ষেত্রে বার্ষিক গোপনীয় প্রতিবেদন না থাকলে প্রকল্পে এবং ব্যাংকে স্থানান্তরের পরবর্তীকালে সার্বিক কর্মকান্ডের মূল্যায়নের ভিত্তিতে পদোন্নতি বিবেচনা করতে হবে।

১.৩ সংশ্লিষ্ট কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ প্রতি বছর ৩১ মার্চ-এর মধ্যে বিভিন্ন গ্রেডে পদোন্নতিযোগ্য শূন্য পদ (যদি থাকে) এর তালিকা প্রস্তুত করে পদোন্নতির প্রস্তাব, তথ্য ও আনুষঙ্গিক কর্মপরিকল্পনা ব্যবস্থাপনা পরিচালক এর নিকট উপস্থাপন করবে;

১.৪ বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করার বিষয়টি সংশ্লিষ্ট কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ যথাসময়ে নিশ্চিত করবে;

১.৫ বিগত ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোন কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনে বিরূপ মন্তব্য বহাল থাকলে তিনি যে বৎসর বিরূপ মন্তব্য পেয়েছেন, যদি ইতোমধ্যে কর্তন না হয়ে থাকে, তার পরবর্তী ১ (এক) বৎসর পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

১.৬ কোন কর্মচারিকে উচ্চতর পদে পদোন্নতির জন্য পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৬ এর তফসিল এ উল্লিখিত মেয়াদের চাকুরীকাল পূরণ হতে হবে। তবে, ক্ষেত্র বিশেষে ফিডার পদে চাকরি গণনার সময় একটি বাড়ি একটি খামার প্রকল্পের ধারাবাহিক চাকরি গণনা করা যাবে, তবে এ বিষয়ে সরকারী প্রযোজ্য বিধি অনুসরণ করতে হবে।

১.৭ বিভাগীয় মামলা ও পদোন্নতি কার্যক্রম

(ক) কোন কর্মচারির বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা দাখিল বা দূর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলায় চার্জশীট দাখিল বা ফৌজদারী মামলা দায়েরের সরকারি মঞ্জুরী প্রদান করা হলে অথবা উক্তরূপ কারণে কোন কর্মচারি গ্রেফতার হলে উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(খ) সাময়িকভাবে বরখাস্তকৃত কোন কর্মচারির পদোন্নতি বিবেচনা করা যাবে না ;

(গ) কোন কর্মচারির বিরুদ্ধে শাস্তি আরোপিত থাকলে শাস্তির মেয়াদকাল নিম্নলিখিতভাবে হিসাব করতে হবেঃ

(১) কোন কর্মচারির উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে ১ (এক) বৎসর এবং গুরুদন্ডের ক্ষেত্রে ২ (দুই) বৎসর পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না;

(২) দন্ডাদেশে দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উপ-বিধি (১) এ উল্লিখিত সময়কাল গণনা শুরু হবে। তবে -

ক) প্রবিধানমালার ৩৯ (খ) (অ) এ বর্ণিত গুরুদন্ডের ক্ষেত্রে শাস্তির মেয়াদ ৩ বছরের উর্ধ্বে হলে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত এবং

খ) প্রবিধানমালার ৩৯ (খ) (আ) এ বর্ণিত গুরুদন্ডের ক্ষেত্রে আদায়যোগ্য অর্থ আদায় না হলে ৫(পাঁচ) বছর পর্যন্ত পদোন্নতি দেয়া যাবে না।

চলমান পাতা-২

১.৮ ব্যাংকের সংশ্লিষ্ট পদোন্নতি কমিটির সুপারিশ ব্যতীত কোন পদে পদোন্নতি প্রদান করা যাবে না, অধিকন্তু কমিটির সুপারিশ সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃকও অনুমোদিত হতে হবে।

১.৯ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান ব্যতীত পদোন্নতি কার্যকর হবে না। প্রেষণ/লিয়েনে কর্মরতদের ক্ষেত্রে মূল অফিসে মূল পদে যোগদান শেষে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের পর পদোন্নতি কার্যকর হবে।

**২. পদোন্নতির ক্ষেত্রে অনুসরণীয় বিধানাবলী**

২.১ কমিটি গঠন ও কমিটির সভা

ক) পদোন্নতির জন্য অনুচ্ছেদ ৩ ও ৪ অনুযায়ী গঠিত বাছাই/পদোন্নতি কমিটি, অতঃপর 'কমিটি' বলে উল্লিখিত, পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ এর প্রবিধান-০৬ এর উপ-প্রবিধান (১) হতে (৩) এবং পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য তফসিলের বিধানাবলী সাপেক্ষে, সাধারণভাবে সংশ্লিষ্ট সকল পদের ক্ষেত্রে সুপারিশ প্রণয়ন করবে। তবে আমার বাড়ি আমার খামার প্রকল্প হতে স্থানান্তরিত কর্মচারিদের ক্ষেত্রে তাদের অতীত কর্মকান্ড পর্যালোচনা করে পদোন্নতির সুপারিশ প্রণয়ন করতে হবে;

খ) পদোন্নতির এ নীতিমালা অনুসারে কার্যক্রম গ্রহণকালে কমিটিতে অর্ন্তভূক্ত নয় এমন কোন কর্মকর্তাকে বা অন্য কোন বিশেষজ্ঞকে প্রয়োজনবোধে পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবে এবং পদোন্নতি বিবেচনার উদ্দেশ্যে কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভা আহবান করতে পারবে।

২.২ বেস মার্ক

'বেস মার্ক' বলতে পদোন্নতির জন্য নির্ধারিত পাস নম্বর হতে সাক্ষাৎকারের জন্য নির্ধারিত নম্বর বাদ দিলে যে নম্বর পাওয়া যাবে তাকে বুঝাবে। কর্মকর্তা-কর্মচারিগণের বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতি প্রদানের জন্য 'বেস মার্ক' হবে নিম্নরূপঃ

| ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | বেস মার্ক |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | ৬৬ |
| সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৬৬ |
| প্রিন্সিপাল অফিসার ও সমমান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৬৬ |
| সিনিয়র অফিসার ও সমমান | প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৬২ |
| কর্মকর্তা (সাধারণ) / সমমান | সিনিয়র অফিসার ও সমমান | ৬০ |
| জুনিয়ার অফিসার (মাঠ)/ডাটা এন্ট্রি অপারেটর/ কম্পিউটার অপারেটর, মাঠ সহকারী, ক্যাশ সহকারী, কার্য সহকারী ও সমমান | অফিসার (সাধারণ) ও সমমান | ৬০ |
| মাঠ সহকারী, ক্যাশ সহকারী, কার্য সহকারী/সমমান | জুনিয়র অফিসার (মাঠ) | ৬০ |
| ইলেকট্রিশিয়ান, ফটোকপি মেশিন অপারেটর বা ক্লাসরুম এটেনডেন্ট, অফিস সহায়ক/সমমান | মাঠ সহকারী/কার্যসহকারী/সমমান | সন্তোষজনক চাকুরি |

চলমান পাতা-৩

২.৩ পদোন্নতিযোগ্য প্রার্থীর সংখ্যা নির্ধারণ, ইত্যাদি

(ক) পদোন্নতি নীতিমালার অনুচ্ছেদ ১.৬ এ বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে উচ্চতর পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিযোগ্য শূন্য পদের ১:২ হারে পদোন্নতির জন্য প্রার্থী বিবেচনা করতে হবে। তবে ১:২ হারে বিবেচনার পর পদোন্নতিযোগ্য শূন্য পদ পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্য কর্মচারী পাওয়া না গেলে সেক্ষেত্রে পদোন্নতি বিবেচনাযোগ্য পরবর্তী জ্যেষ্ঠ কর্মচারীদের মধ্য হতে পুনরায় ১ : ২ হারে পদোন্নতির জন্য বিবেচনা করতে হবে;

(খ) পদোন্নতির জন্য প্রার্থী বেশী থাকলে এবং প্রার্থীদের মূল নিয়োগকালে কোন গ্রেডেশন তালিকা করা না থাকলে নিয়োগ কমিটি প্রতিযোগীতামূলক পরীক্ষার মাধ্যমে পদোন্নতির সিদ্ধান্ত নিতে পারবেন। এ পরীক্ষা ১০০ নম্বরের ভিত্তিতে ৩ ঘন্টা ব্যাপী হবে। বাংলা, ইংরেজী, অংক, পল্লী সঞ্চয় ব্যাংক আইন ও বিধিসমূহ, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক), সমসাময়িক বিষয়াবলি বিষয়ে লিখিত পরীক্ষা গ্রহণ করা যাবে। ন্যূনতম পাস মার্ক হবে ৪৫%।

২.৪ পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন

(ক) প্রত্যেক পদে পদোন্নতির পূর্বে পদোন্নতিযোগ্য প্রার্থীদের গ্রেডেশন তালিকা যথানিয়মে প্রকাশ করতে হবে। এক্ষেত্রে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৬(৪) অনুসরন করতে হবে।

(খ) পদোন্নতি সুপারিশকারী কমিটি সাক্ষাতকারঅন্তে পদোন্নতির জন্য পাস নম্বর প্রাপ্ত কর্মচারীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে একটি তালিকা প্রণয়ন করবে এবং অনধিক ৭ (সাত) দিনের মধ্যে পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পেশ করবে। এরূপ তালিকায় পদোন্নতি সুপারিশকারী কমিটির চেয়ারম্যানসহ সকল সদস্য স্বাক্ষর করবেন।

(গ) একই পঞ্জিকা বছরে কোন পদে সরাসরি নিয়োগ হলে সেরূপ পদে একই বছরে পদোন্নতি প্রাপ্ত কর্মচারিগণ সরাসরি নিয়োগকৃত কর্মচারিগণের চেয়ে জ্যেষ্ঠ বলে গণ্য হবেন।

২.৫ পদোন্নতিযোগ্য প্রার্থীর তালিকা পুন:র্বিবেচনা

পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির পর এতে কোন ভুল-ত্রুটি থাকলে বা এর কোন বিষয় পুনর্বিবেচনার প্রয়োজন আছে বলে মনে করলে উক্ত ভুল-ত্রুটি সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সংশোধন বা উক্ত বিষয়ে পুনর্বিবেচনার জন্য পদোন্নতি সুপারিশকারী কমিটির নিকট তালিকাটি প্রেরণ করতে পারবে। অতঃপর কমিটি যথাযথ মনে করলে উক্ত ত্রুটি সংশোধন বা উক্ত বিষয় অনধিক ১৫(পনের) দিনের মধ্যে পুনর্বিবেচনা করে অনুমোদনকারী কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করবে।

২.৬ সাক্ষাৎকার

ক) পদোন্নতি সুপারিশকারী কমিটি প্রার্থীর যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার গ্রহণকালে সততা, যোগ্যতা, অভিজ্ঞতা, ব্যাংকিং বিষয়ে জ্ঞান ও বিশেষ স্বীকৃত অবদান (যেমন-শ্রেণীকৃত ঋণ আদায়, ব্যাংকের উন্নয়নে ব্যক্তিগত উদ্যোগ, ব্যাংকের অধিকতর কল্যাণ ও লাভজনক পদ্ধতি উদ্ভাবন) ইত্যাদি বিষয়সহ প্রয়োজনীয় সকল দিক বিবেচনা করে সাক্ষাৎকারের জন্য নির্ধারিত নম্বর প্রদান করবে। নির্ধারিত নম্বরের মধ্যে পদোন্নতির যোগ্যতা অর্জনের জন্য কমপক্ষে শতকরা ৪০ ভাগ নম্বর পেতে হবে;

খ) যে সকল গ্রেডের কর্মচারিগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকারের বিধান রয়েছে সেক্ষেত্রে বেস মার্ক প্রাপ্ত না হলে উক্ত কর্মকর্তা-কর্মচারি সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। অপরদিকে যাদেরকে সাক্ষাৎকার দেয়ার জন্য ডাকা হবে তাদের মধ্যে কেউ নির্ধারিত দিন সাক্ষাৎকার বোর্ডে উপস্থিত না হলে তাকে পদোন্নতিযোগ্য বলে বিবেচনা করা হবে না। তবে নির্ধারিত পদোন্নতির সাক্ষাৎকার পরবর্তী দিনে বা অন্য কোন দিনে চলাকালীন সময়ে প্রার্থী উপস্থিত হয়ে উপযুক্ত কারণ প্রদর্শন করলে সাক্ষাৎকার বোর্ড সাক্ষাৎকার গ্রহণের বিষয়টি বিবেচনা করতে পারবে।

চলমান পাতা-৪

92

২.৭ পদোন্নতি হতে বঞ্চিত কর্মচারী সংক্রান্ত বিধান

কোন কর্মচারী পদোন্নতি সুপারিশকারী কমিটির সুপারিশকৃত তালিকায় অন্তর্ভুক্ত না হওয়ার ফলে পদোন্নতির ক্ষেত্রে বঞ্চিত হলে তার বঞ্চিত হওয়ার কারণসহ বিষয়টি তার ব্যক্তিগত নথিতে লিপিবদ্ধ করতে হবে। তবে এইরূপ কর্মচারিকে তার পরবর্তী বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় ও কার্যক্রমের ভিত্তিতে পদোন্নতির জন্য পুনর্বিবেচনা করতে কোন বাধা থাকবে না।

২.৮ যোগ্যতা যাচাই পদ্ধতি :

কর্মচারিগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য যোগ্যতা যাচাইয়ের উদ্দেশ্যে সর্বোচ্চ যোগ্যতাসূচক মানের বন্টন হবে নিম্নরূপঃ

| বিষয় | উপ-মহাব্যবস্থাপক; সহকারী মহাব্যবস্থাপক/ সমমান;সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমান; প্রিন্সিপাল অফিসার/সমমান; সিনিয়র অফিসার/ সমমান ও অফিসার/ সমমান, জুনিয়র অফিসার (মাঠ) পদে পদোন্নতির ক্ষেত্রে | মাঠ সহকারী/সমমান পদে পদোন্নতির ক্ষেত্রে |
|---|---|---|
| (১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন | ৩০ | - |
| (২) শিক্ষাগত যোগ্যতা (পদোন্নতিযোগ্য পদে নিয়োগ প্রবিধানের তফসিলে সরাসরি নিয়োগের ক্ষেত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার জন্য পূর্ণ নম্বর, কমের ক্ষেত্রে আনুপাতিক হারে কম) | ১৫ | ১০ |
| মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা | ৫ | - |
| (৩) মোট মেয়াদউত্তীর্ণ ঋণ ৭০% এবং তদূর্ধ্ব আদায়ের ক্ষেত্রে (কম আদায়ের ক্ষেত্রে আনুপাতিক হারে কম) | ৩০ (নীচের নোট দ্রষ্টব্য) | - |
| (৪) সাক্ষাৎকার | ২০ | ৩০ |
| (৫) পদোন্নতি কমিটির বিবেচ্য (সন্তোষজনক চাকুরী রেকর্ড) | - | ৬০ |
| মোট | ১০০ | ১০০ |

২.৯ বার্ষিক গোপনীয় প্রতিবেদন মূল্যায়ন পদ্ধতি

কর্মচারিগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন হবে নিম্নরূপঃ

| প্রতিবেদনের মান | নম্বর |
|---|---|
| অতি উত্তম | ০৬ |
| উত্তম | ০৫ |
| ভাল | ০৪ |
| মোটামুটি | ০২ |

(ক) সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারিগণের ক্ষেত্রে পদোন্নতি বিবেচনাকালে যদি তাদের চাকুরিকাল ৫(পাঁচ) বছর পূর্ণ না হয় সেক্ষেত্রে তাদের ৩(তিন) বছর বা তদুর্ধ কিন্তু ৫ (পাঁচ) বছরের কম সময়ের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে পাঁচ বছরের পূর্ণ নম্বর বিবেচনা করতে হবে।

চলমান পাতা-৫

(খ) পদোন্নতিপ্রাপ্ত কর্মচারিদের ক্ষেত্রে পদোন্নতি বিবেচনাকালে যদি তাদের বর্তমান পদে চাকুরিকাল ৫(পাঁচ) বছর পূর্ণ না হয় সেক্ষেত্রে তাদের পূর্ব পদের সর্বশেষ ২টি গোপনীয় প্রতিবেদন মূল্যায়নে আনতে হবে।

২.১০ মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা

ক) শাখায় কর্মকাল প্রতি পূর্ণ বছরের জন্য ১.০০ নম্বর এবং ৩ (তিন) মাস ও তদুর্ধ্ব কিন্তু ১ (এক) বছরের কম কর্মকালের জন্য ০.৫০ নম্বর প্রদান কর হবে।

খ) ব্যাংকের যে সকল কর্মচারি টেকনিক্যাল পদে নিয়োজিত থেকে দায়িত্ব পালন করছেন এবং যাদের ক্ষেত্রে মাঠ পর্যায়ে কর্মরত থাকার বিষয়টি প্রযোজ্য নয় তারা 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' বিষয়ে নির্ধারিত ৫.০০ নম্বরের পরিবর্তে টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতার জন্য ৫.০০ নম্বর প্রাপ্য হবেন। পদোন্নতির ভিত্তিকাল হতে বিগত ৫ বছরের মধ্যে প্রতি পূর্ণ বছরের জন্য ১.০০ নম্বর এবং ৩ (তিন) মাস ও তদুর্ধ্ব কিন্তু ১ (এক) বছরের কম কর্মকালের জন্য ০.৫০ নম্বর প্রাপ্য হবেন।

গ) মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা বিবেচনার সময় ৩ মাসের কম কর্মকাল বিবেচনা করা হবে না এবং এক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর ৫.০০ এর অধিক হবে না।

২.১১ বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতির জন্য নির্ধারিত পাস নম্বর

ক) কর্মকর্তা-কর্মচারিগণের বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতি প্রদানের জন্য পাস নম্বর হবে নিম্নরূপ :

| ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | শতকরা পাস মার্ক |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | ৮১ |
| সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৮১ |
| প্রিন্সিপাল অফিসার ও সমমান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৮১ |
| সিনিয়র অফিসার ও সমমান | প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৭৭ |
| কর্মকর্তা (সাধারণ) / সমমান | সিনিয়র অফিসার ও সমমান | ৭৫ |
| জুনিয়ার অফিসার (মাঠ)/ডাটা এন্ট্রি অপারেটর/ কম্পিউটার অপারেটর, মাঠ সহকারী, ক্যাশ সহকারী, কার্য সহকারী ও সমমান | অফিসার (সাধারণ) ও সমমান | ৭৫ |
| মাঠ সহকারী, ক্যাশ সহকারী, কার্য সহকারী/সমমান | জুনিয়র অফিসার (মাঠ) | ৬৫ |
| ইলেকট্রিশিয়ান, ফটোকপি মেশিন অপারেটর বা ক্লাসরুম এটনডেন্ট, অফিস সহায়ক | কার্য সহকারী | সন্তোষজনক চাকরি |

### ৩. বাছাই কমিটি

৩.১ বিভিন্ন পদে পদোন্নতির জন্য বাছাই কমিটি হবে নিম্নরূপঃ

| কমিটির গঠন | |
|---|---|
| (১) ব্যবস্থাপনা পরিচালক/উপব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| (২) মহাব্যবস্থাপক (প্রশাসন) | সদস্য |
| (৩) উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ | সদস্য-সচিব |

* উপব্যবস্থাপনা পরিচালক কর্মরত না থাকলে ব্যবস্থাপনা পরিচালক কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।

চলমান পাতা-৬

৩.২ ব্যবস্থাপনা পরিচালক যে কোন সদস্য কো-অপট করতে পারবেন এবং সংশ্লিষ্ট পদে কোন কর্মচারি কর্মরত না থাকলে সামঞ্জস্যপূর্ণ ভাবে কমিটি পুনর্গঠন করতে পারবেন।

৩.৩ বাছাই কমিটির কার্যাবলী

নীতিমালার আলোকে পদোন্নতির ক্ষেত্রে সাক্ষাৎকার গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কর্মচারিগণের বার্ষিক গোপণীয় প্রতিবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ব্যাংকিং ডিপ্লোমা, চাকুরিকাল, মাঠ পর্যায়ের অভিজ্ঞতা, টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা, শৃংখলাজনিত মোকদ্দমা ও তদসংশ্লিষ্ট তথ্য ইত্যাদি যাচাই-বাছাইপূর্বক নম্বর প্রদানসহ আনুষঙ্গিক কার্যাদি সম্পাদন এবং পদোন্নতি কমিটির নিকট সুপারিশ উপস্থাপন।

## ৪. পদোন্নতি কমিটি

৪.১ পদোন্নতির জন্য পদোন্নতি সুপারিশকারী কমিটি ও অনুমোদনকারী কর্তৃপক্ষ হবে নিম্নরূপঃ

| ক্রমিক নং | সুপারিশকারী কমিটি | | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি | ব্যবস্থাপনা পরিচালক |
| ০২। | অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি | সদস্য | |
| ০৩। | উপ-ব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ | সদস্য | |
| ০৪। | উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ | সদস্য-সচিব | |

৪.২ ব্যবস্থাপনা পরিচালক যে কোন সদস্য কো-অপট করতে পারবেন এবং সংশ্লিষ্ট পদে কোন কর্মচারি কর্মরত না থাকলে সামঞ্জস্যপূর্ণ ভাবে কমিটি পুনর্গঠন করতে পারবেন।

## ৫. বিবিধ

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১৯ এ যে সকল বিষয়ে বিধান রাখা হয়নি অথবা নীতিমালার বিধান প্রয়োগের ক্ষেত্রে বা এর ব্যাখ্যার ক্ষেত্রে যদি কোন অসুবিধা দেখা দেয়/ব্যাখ্যার প্রয়োজন হয় তবে সে সকল বিষয়ে সরকারী কর্মচারিদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা/ আদেশ ব্যাংকের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

----------------------------------------------সমাপ্ত----------------------------------------------

আজিজুর রহমান
সহকারী সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

...মরুন নাহার সিদ্দীকা
যুগ্মসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার